

# বাগছাসের প্যানেল থেকে বেরিয়ে গেলেন হাসিব, করবেন স্বতন্ত্র নির্বাচন

অনলাইন ডেস্ক



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) নির্বাচনে বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্রসংসদের (বাগছাস) প্যানেল থেকে বের হয়ে স্বতন্ত্র থেকে সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন সংগঠনটির ঢাবি শাখার মুখ্য সংগঠক মো. হাসিবুল ইসলাম। রবিবার (২৩ আগস্ট) দুপুরে বিষয়টি নিশ্চিত করেন হাসিব।

আসন্ন ডাকসুকে কেন্দ্র করে বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্রসংসদের প্যানেল থেকে মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক পদে মনোনীত হলেও শেষ মুহূর্তে এসে দলীয় প্যানেল থেকে বের হওয়ার ঘোষণা দেন তিনি। হাসিবুল ইসলাম ঢাবির সমাজবিজ্ঞান বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী।

সরকার পতনের পর গঠিত নতুন ছাত্রসংগঠন গণতান্ত্রিক  
ছাত্রসংসদের ঢাবি শাখার মুখ্য সংগঠকের দায়িত্ব পান তিনি।

ইতিমধ্যে নির্বাচনী ইশতেহার ঘোষণা করেছেন হাসিব। ইশতেহারে  
তিনি লিখেছেন, আগামী বছরের সেপ্টেম্বরের আগেই ডাকসু  
নির্বাচন-২০২৬ আদায় করার পাশাপাশি ডাকসু নির্বাচনকে  
বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ক্যালেন্ডারে স্থায়ীভাবে অন্তর্ভুক্ত  
করব, ইনশাআল্লাহ। একই সঙ্গে এই ন্যায্য দাবি বাস্তবায়নের  
লক্ষ্যে পলিসি ফোরাম এবং রাজপথের আন্দোলনে কঠোর  
পদক্ষেপ গ্রহণ করব।

ইশতেহারে তিনি আরো বলেন, জুলাই গণ-অভ্যুত্থানে ঢাবির যে  
সকল শিক্ষক গণহত্যার বৈধতা দিয়েছেন, তাদের যথাযোগ্য  
বিচারের মুখোমুখি করব। হামলাকারী ছাত্রলীগের পূর্ণাঙ্গ ও  
নিরপেক্ষ তালিকা প্রণয়ন করে বিশ্ববিদ্যালয় কর্তৃক যথাযথ শাস্তি  
নিশ্চিত করব। সর্বোপরি, গণহত্যাকারী আওয়ামী লীগকে আর  
কখনো রাজনীতিতে ফিরে আসতে দেব না—সেজন্য শিক্ষার্থীদের  
মধ্যে সচেতনতামূলক ক্যাম্পেইন ও আন্দোলন অব্যাহত রাখব।

জানা যায়, হাসিবুল ইসলাম দুই পদে মনোনয়ন জমা দিয়েছেন।

একটি এজিএস অন্যটি মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক  
পদে। প্যানেল সাজানোকে কেন্দ্র করে দলের অভ্যন্তরে তৈরি  
হওয়া অসন্তোষ থেকে তিনি এজিএস পদে নির্বাচন করার সিদ্ধান্ত  
নিয়েছেন।

